

চবি সংবাদদাতা । প্রস্তাবিত অষ্টম জাতীয় বেতন কাঠামোতে পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের জন্য বৈষম্যমূলক বেতন কাঠামোর প্রতিবাদে এবং স্বতন্ত্র বেতন কাঠামোর দাবিতে মানববন্ধন করেছে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি।

সোমবার বেলা সাড়ে ১১টার দিকে প্রশাসনিক ভবনের সামনে কর্মসূচী পালন করা হয়। মানববন্ধনে বক্তারা বলেন, 'অষ্টম জাতীয় বেতন কাঠামোতে সচিব কমিটি যে প্রস্তাব করেছে তা শিক্ষকদের উচ্ছ্বসিত হওয়ার পরিবর্তে হতাশায় নিমজ্জিত করেছে। সচিব কমিটি নিজেদের স্বার্থকে অগ্রাধিকার দিয়ে এবং চরম

**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়**  
**আট দফা দাবিতে**  
**শিক্ষক সমিতির**  
**মানববন্ধন**

স্বার্থপরতার পরিচয় দিয়ে যে প্রস্তাব করেছে তা চবি শিক্ষক সমিতি দুঢ়ভাবে প্রত্যাখ্যান করেছে। বক্তারা অনতিবিলম্বে চবি শিক্ষক সমিতির 'আট দফা দাবি মেনে নিতে' প্রধানমন্ত্রীর অন্যদের 'প্রতি' জোর দাবি জানান। এ সময় মঙ্গলবার ও বুধবার কালেক্টর ব্যাজ ধারণ, কর্মসূচীও

ঘোষণা করা হয়। পাশাপাশি দাবি আদায় না হলে লাগাতার ক্লাস পরীক্ষা বর্জন ও আমরণ অনশনসহ কঠোর কর্মসূচী ঘোষণা করা হবে বলে ইশিয়ার করা হয়। চবি শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ড. কাজী এস এম. বসরুল আলম কুমুদীর সভাপতায় ও সমিতির সভাপতি ড. মোহাম্মদ আবুল মনছুরের সভাপতিত্বে সমাবেশে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন- সহযোগী অধ্যাপক এবিএম আবু নোমান, অধ্যাপক ড. মাহফুজুল হক চৌধুরী, অধ্যাপক ড. মোঃ মাহবুবুর রহমান, অধ্যাপক বেনু কুমার দে, প্রভাবক মোঃ মোরশেদুল আলম প্রমুখ।